*The Faculty Journal of Arts, University of Rajshahi*
*Volume 38, December 2024, ISSN 1813-0402*

# বৌদ্ধধর্মে বৈশাখী ও আষাঢ়ী পূর্ণিমা : প্রকৃতি ও বৈশিষ্ট্যগত বিশ্লেষণ

**[Baishakhi and Ashari Purnima in Buddhism: An Analysis of their Nature and Characteristics]**

Md. Abu Turab
PhD Fellow, Department of Islamic Studies, University of Rajshahi, Rajshahi-6205, Bangladesh

**ARTICLE INFORMATION**

*The Faculty Journal of Arts*
University of Rajshahi
Volume-38, December-2024
ISSN: 1813-0402 (Print)
DOI: 10.64487

Received : 28 July 2024
Received in revised: 27 February 2025
Accepted: 07 January 2025
Published: 10 August 2025

Keywords:
Buddhism, Festivals, Baishakhi Purnima, Ashari Purnima, Analysis

**ABSTRACT**

This paper explores the festivals of Baishakhi Purnima and Ashari Purnima in Buddhism from historical, socio-cultural, religious, and spiritual perspectives, providing a comprehensive analysis of their nature and characteristics. Baishakhi Purnima, celebrated in the month of Baishakh, marks the three most significant events in the Buddha's life: his birth, enlightenment, and *Parinirvana* (passing). Historically, this day has fostered unity and devotion within Buddhist communities, as it symbolizes the Buddha's path to ultimate wisdom. Ashari Purnima, observed in Ashar, commemorates the Buddha's first sermon, the *Dhammacakkappavattana Sutta*, initiating the spread of his teachings. From a socio-cultural viewpoint, both festivals offer insights into the ways in which Buddhism has shaped and been shaped by local customs, artistic traditions, and communal practices across various regions. Religiously, these festivals affirm core Buddhist beliefs, such as the Four Noble Truths and the Eightfold Path, while spiritually, they encourage personal reflection, meditation, and the embodiment of the Buddha's teachings. By analyzing the interplay between history, culture, religion, and spirituality, this paper highlights the enduring significance of Baishakhi and Ashari Purnima in fostering ethical living, spiritual growth, and social cohesion within Buddhist societies.

## ১. ভূমিকা

বিশ্বের প্রাচীনতম ধর্মসমূহের মধ্যে বৌদ্ধধর্ম অন্যতম। সিদ্ধার্থ গৌতম এ ধর্মের প্রবর্তক। খ্রিস্টপূর্ব ষষ্ঠ শতকে তাঁর শিক্ষা এবং উপদেশকে কেন্দ্র করে এ ধর্মের উদ্ভব ঘটে। সিদ্ধার্থ গৌতমের জন্ম ৫৬৩ খ্রিস্টপূর্বাব্দে। বৌদ্ধদের প্রধান ধর্মীয় উৎসব বুদ্ধপূর্ণিমা বা বৈশাখী পূর্ণিমা। সিদ্ধার্থ গৌতমের শুভজন্ম, বোধিজ্ঞান ও মহাপরিনির্বাণ লাভ এই তিন স্মৃতি বিজড়িত বৈশাখী পূর্ণিমা বিশ্বের বৌদ্ধ সম্প্রদায়ের কাছে বুদ্ধ পূর্ণিমা নামে পরিচিত। বৌদ্ধধর্ম মতে, প্রায় আড়াই হাজার বছর পূর্বে এই দিনে মহামতি গৌতম বুদ্ধ আবির্ভূত হয়েছিলেন। বুদ্ধের মূল জীবন দর্শন হচ্ছে অহিংসা, সাম্য, মৈত্রী ও প্রীতির বন্ধনে আবদ্ধ হয়ে সহাবস্থান করা। অহিংসবাদের প্রবর্তক গৌতম বুদ্ধ বলেছিলেন, বৈরিতা দিয়ে বৈরিতা, হিংসা দিয়ে হিংসা কখনো প্রশমিত হয় না। অহিংসা দিয়ে হিংসাকে, অবৈরিতা দিয়ে বৈরিতাকে প্রশমিত করতে হবে। বুদ্ধ পূর্ণিমা অনেক গুরুত্বপূর্ণ একটি দিন। এদিনটি বুদ্ধের জন্ম, সত্যের জ্ঞান এবং মহাপরিনির্বাণ লাভ হিসেবে একটি গুরুত্বপূর্ণ তারিখ হিসেবে বিবেচিত। বুদ্ধপূর্ণিমা শুধু বুদ্ধের জীবনের সঙ্গে সম্পর্কিত নয়, এই পূর্ণিমা তিথিতে বছরের পর বছর বনে বিচরণ ও কঠোর তপস্যা করার পর বুদ্ধ বোধগয়ার বোধি বৃক্ষের নিচে সত্যের জ্ঞান লাভ করেন। বৈশাখী পূর্ণিমার দিনে কুশীনগরে তাঁর মহাপরিনির্বাণও হয়েছিল। বুদ্ধপূর্ণিমায় বুদ্ধের অনুসারীরা তাঁর শিক্ষা শোনেন এবং তাঁর দেখানো পথে চলার শপথ নেন।

তেমনিভাবে আষাঢ়ী পূর্ণিমা বৌদ্ধ ধর্মাবলম্বীদের নিকট অতি তাৎপর্যময় পূণ্যতিথি, এটি বৌদ্ধধর্মাবলম্বীদের অন্যতম সামাজিক, ধর্মীয় ও সাংস্কৃতিক অনুষ্ঠান। এই পূর্ণিমার বিশেষত্ব হল, এই শুভ তিথিতেই রাজকুমার সিদ্ধার্থ রাণী মহামায়ার গর্ভে প্রতিসন্ধি গ্রহণ করেন। গৌতমবুদ্ধ ভিক্ষুদের জন্য বর্ষাব্রতের নিয়মত্ত প্রবর্তন করেন। এসব প্রেক্ষাপটে আষাঢ়ী পূর্ণিমা বৌদ্ধদের অত্যন্ত স্মরণীয় বরণীয় তিথি। বৌদ্ধধর্মে পূর্ণিমা উদযাপন একটি গুরুত্বপূর্ণ ধর্মীয় উৎসব। বৈশাখী ও আষাঢ়ী এই দুই পূর্ণিমার গুরুত্ব অতুলনীয়, যা বৌদ্ধধর্মের মৌলিক দিকগুলোকে প্রতিফলিত করে। সুতরাং প্রকৃতি ও বৈশিষ্ট্য বিশ্লেষণের মাধ্যমে বৌদ্ধধর্মের বৈশাখী ও আষাঢ়ী পূর্ণিমা উৎসবের মূল্যায়ন করাই এ প্রবন্ধের মূল উদ্দেশ্য।

**গবেষণা পদ্ধতি**

এই প্রবন্ধে গুণগত গবেষণা পদ্ধতি (Qualitative Research Method) অনুসরণ করা হয়েছে। গবেষণায় সেকেন্ডারি তথ্য সংগ্রহ করা হয়েছে- বিষয়বস্তু সম্পর্কিত জনপ্রিয় গ্রন্থ, গবেষণা নিবন্ধ ও সংবাদপত্র থেকে। গবেষণাটিতে পাঠ বিশ্লেষণ পদ্ধতি (Content Analysis) অনুসরণ করে তথ্য বিশ্লেষণ ও মূল্যায়ন করা হয়েছে।

**২. বৌদ্ধধর্মের পরিচয়**

বৌদ্ধধর্ম বিশ্বের প্রাচীনতম ধর্মসমূহের অন্যতম। গৌতমবুদ্ধ, যিনি সিদ্ধার্থ গৌতম নামে পরিচিত। সিদ্ধার্থ গৌতমের জন্ম ৫৬৩ খ্রিস্ট পূর্বাব্দে। খ্রিস্টপূর্ব ৬ষ্ঠ শতকে তাঁর শিক্ষা ও উপদেশের ভিত্তিতে এই ধর্মের উদ্ভব ঘটে।[১] বৌদ্ধধর্ম একটি প্রাচীন ধর্ম যা ভারতের উত্তর-পূর্বাঞ্চল থেকে উদ্ভূত হয়ে, এশিয়া, মধ্য এশিয়া ও দক্ষিণ-পূর্ব এশিয়ার বিস্তৃত অঞ্চলে ছড়িয়ে পড়েছিল। এক সময় এই ধর্ম পুরো এশিয়া মহাদেশে গভীর প্রভাব বিস্তার করেছিল।[২]

কেউ কেউ এ ধর্মকে ধর্ম হিসেবে আখ্যায়িত করেননি। এর কারণ হলো, এ ধর্মে ঈশ্বরের কোনো ধারণা নেই।[৩] সিদ্ধার্থ গৌতম কোনো ঈশ্বর ছিলেন না। কিংবা কোনো নবী বা ঈশ্বরের অবতারও ছিলেন না। রাজকুমার হওয়া সত্ত্বেও তিনি ছিলেন একজন সাধারণ মানুষ এবং নিজ চেষ্টায় জীবনের চরম সত্যকে তিনি জেনেছিলেন। বুদ্ধের চিন্তা-ভাবনা মানুষের দুঃখকে কেন্দ্র করে।[৪] এ ধর্মের পরিচয় দিতে গিয়ে Encyclopaedia of Britannica-তে বলা হয়েছে, [৫]

> "Buddhism is a religious and philosophical tradition founded by Siddhartha Gautama, known as the Buddha, in the late 6th to early 5th century BCE in India. It is based on the Four Noble Truths, which describe the reality of suffering, its cause, its cessation, and the path leading to its end. The ultimate aim of Buddhism is to attain Nirvana, a state of liberation from the cycle of birth and rebirth. Core practices include ethical conduct, meditation, and the development of wisdom. Various schools and sects within Buddhism emphasize different aspects of these teachings"
>
> "অর্থাৎ বৌদ্ধধর্ম হলো একটি ধর্মীয় ও দার্শনিক প্রথা, যা সিদ্ধার্থ গৌতম (বুদ্ধ) খ্রিস্টপূর্ব ষষ্ঠ থেকে পঞ্চম শতাব্দীর মধ্যে ভারতবর্ষে প্রতিষ্ঠা করেন। এই ধর্মের মূল ভিত্তি চারটি আর্য সত্য, যা জীবনের দুঃখ, তার কারণ, দুঃখের অবসান এবং অবসানের পথ নির্দেশ করে। নির্বাণ অর্জন, অর্থাৎ জন্ম ও মৃত্যুর চক্র থেকে মুক্তি পাওয়াই বৌদ্ধধর্মের প্রধান লক্ষ্য। ধর্মীয় চর্চার মধ্যে নৈতিক জীবনাচরণ, ধ্যান এবং প্রজ্ঞার বিকাশ অন্যতম। বৌদ্ধধর্মের বিভিন্ন শাখা এই শিক্ষার বিভিন্ন দিককে গুরুত্ব দিয়ে বিকাশ লাভ করেছে।"

বৌদ্ধ ধর্মের সংজ্ঞা প্রদানে আব্দুর রাযযাক আল-আসওয়াদ বলেন, [৬]

> وهي تعتبر نظاما أخلاقيا ومذهبا فكريا مبنيا على نظريات فلسفية ، وتعاليمها ليست وحيا ، وإنما هي أراء وعقائد في اطار ديني .
>
> "অর্থাৎ দর্শনের উপর ভিত্তি করে এ ধর্মকে একটি নৈতিক ও চিন্তাশীল মতবাদ হিসেবে আখ্যায়িত করা হয়। এ ধর্মের শিক্ষাগুলো ঐশ্বরিক নয়; বরং এটি ধর্মীয় কিছু বিশ্বাস ও মতামতের সমষ্টি।"

গৌতম বুদ্ধ, যিনি বৌদ্ধধর্মের প্রতিষ্ঠাতা, নেপালের সীমান্তবর্তী কপিলাবস্তুর রাজ পরিবারে জন্মগ্রহণ করেন। তার পিতা রাজা শুদ্ধোধন এবং মাতা মায়াদেবী। মাতা পিতৃ গৃহে যাওয়া কালে কপিলাবস্তুর নিকটবর্তী লুম্বিনী উদ্যানের দুটি শালবৃক্ষের ছায়ায় বৈশাখী পূর্ণিমা তিথিতে জন্ম গ্রহণ করেন। মাতৃ বিয়োগে তার দেখাশুনার দায়িত্ব অর্পিত হয় বিমাতা গৌতমীর উপর। গৌতমী তাকে আদর-স্নেহ দিয়ে লালন-পালন করতে ছিলেন। বিমাতার ভালোবাসা ও স্নেহের প্রতীক হিসেবে গৌতম বুদ্ধের মূল নাম "সিদ্ধার্থ" এর সাথে "গৌতম" নামটি বিযুক্ত করা হয়।[৭]

তৎকালীন প্রথা অনুযায়ী অনেক ঐতিহাসিক উৎসের মতে ৫৬৩ খ্রিস্টপূর্বাব্দে জন্মের পরই নবজাতককে ভবিষ্যদ্বাণীর জন্য একজন গণককে দেখানো হলে, তিনি রাশি গণনা করে বললেন- নবজাতক সিদ্ধার্থ সংসার তাগী হবেন এবং একজন জ্ঞানী ও আলোকিত মনীষী হয়ে বেড়ে উঠবেন। তিনি গৃহত্যাগ করবেন এবং বিশ্বের ক্রোড় থেকে আবার বেরিয়ে আসবেন। এ ভবিষ্যদ্বাণী শুনে রাজা হতাশ হলেন, কেননা তার আশায় গুড়ে বালি। তার একমাত্র চাওয়া সিদ্ধার্থ তার মৃত্যুর পর রাজা হবেন। এ লক্ষ্যকে সামনে রেখে রাজা সিদ্ধার্থকে ছয় বছর বয়সে বিখ্যাত পন্ডিত গুরু বিসামিত্রের কাছে শিক্ষাগ্রহণের জন্য প্রেরণ করেন। পুত্র সিদ্ধার্থ গুরুদেব থেকে উত্তমরূপে সমরবিদ্যা, দর্শনবিদ্যা ইত্যাদি বিদ্যায় অল্প দিনের ব্যবধানে ব্যুৎপত্তি অর্জন করেন। রাজকীয় ঐশ্বর্যের মধ্যে লালিত-পালিত হলেও তিনি চিন্তাশীল ও বৈরাগ্যভাবাপন্ন ছিলেন। পুত্র সিদ্ধার্থের সংসার বিমুখতা দেখে রাজা শুদ্ধোধন খুবই চিন্তাগ্রস্থ হয়ে পড়লেন এবং পুত্রকে সংসারের দিকে মনোযোগী করার জন্য পরম সুন্দরী নারীর সঙ্গে বিয়ে দেন কিন্তু কিছুতেই কাজ হলো না। তিনি স্ত্রী-সন্তান ও সংসার ত্যাগ করে সন্ন্যাসব্রত গ্রহণ করেন। জরা, ব্যাধি ও মৃত্যু দেখে বিচলিত হয়ে দুঃখ-কষ্ট থেকে মুক্তির উপায় বের করতে গভীর ধ্যানমগ্ন হন। তিনি ভারতের গয়া শহর থেকে সাত মাইল দক্ষিণ-পশ্চিমে অবস্থিত *বুদ্ধগয়া* নামক স্থানের নিরঞ্জনা নদীর কূলে এক অশ্বত্থ বৃক্ষের তলায় ধ্যানমগ্ন অবস্থায় "সম্বোধি জ্ঞান" বা "বোধিসত্ত্ব" লাভ করেন।[৮]

গৌতম বুদ্ধ ছিলেন নীতি ধর্মের প্রবর্তক ও প্রচারক। তার উদ্দেশ্য ছিল দুঃখ-দুর্দশার কবল থেকে বিশ্বমানবতাকে পরিত্রাণের জন্য মুক্তির পথ উদ্ভাবন করা। এ লক্ষ্যে তিনি কঠোর সাধনা ও তপস্যার মাধমে দুঃখ-নিরোধ সম্পর্কে চারটি সত্যের জ্ঞান লাভ করেন যাকে *সত্য চত্বারী*, *আর্য* সত্যানি বা চারটি *আর্যসত্য* নামে অভিহিত করা হয়।[৯]

গৌতম বুদ্ধ গভীর সাধনা বলে যে চারটি *আর্যসত্যে*র সন্ধান পেয়েছিলেন তা হলো:[১০]

১. জগতে দুঃখ আছে
২. দুঃখের কারণ আছে
৩. দুঃখকে প্রতিরোধ করা যায় এবং
৪. দুঃখ থেকে পরিত্রাণের উপায় আছে

আর দুঃখ থেকে পরিত্রাণের জন্য অষ্টাঙ্গিক মার্গের সন্ধান দিয়েছেন:

মার্গ বা পন্থা হলো:[১১]

এক. সঠিক দৃষ্টিভঙ্গি: দুঃখ এবং এর কারণ সম্পর্কে সঠিক বোঝাপড়া।
দুই. সঠিক উদ্দেশ্য: সদগুণ ও উদার মনোভাব বজায় রাখা।
তিন. সঠিক ভাষণ: মিথ্যা কথা, গালি ও কপটতা পরিহার করা।
চার. সঠিক কর্ম: সৎ ও নৈতিক আচরণ, যেমন হত্যা, চুরি এবং অনৈতিক যৌন সম্পর্ক থেকে বিরত থাকা।
পাঁচ. সঠিক জীবিকা: এমন পেশায় নিয়োজিত হওয়া যা অন্যের ক্ষতি করে না।
ছয়. সঠিক প্রচেষ্টা: মনের সদগুণ বৃদ্ধির জন্য যথাযথ প্রচেষ্টা করা।
সাত. সঠিক মনন: শারীরিক, মানসিক এবং ভাবনাগত সত্তার সচেতনতা রজায় রাখা।
আট. সঠিক একাগ্রতাঃ ধ্যানের মাধ্যমে মনকে একাগ্র ও শান্ত রাখা।

এই পন্থার উদ্দেশ্য হলো দুঃখের সমাধান এবং আত্মজ্ঞান লাভ করা।

### ৩. উৎসবের পরিচয়

উৎসব হল একটি বিশেষ অনুষ্ঠান বা উপলক্ষ্য যা ধর্মীয়, সাংস্কৃতিক, ঐতিহাসিক অথবা সামাজিক গুরুত্ব বহন করে। সাধারণত উৎসবের মাধ্যমে সমাজের সদস্যরা একত্রিত হয়ে আনন্দ উদযাপন করে, বিশেষ ঐতিহ্য পালন করে এবং প্রাতিষ্ঠানিক বা পারিবারিক সম্পর্কের গুরুত্ব প্রকাশ করে।[১২]

> According to the Oxford Dictionary, [১৩]
>
> A festival is "a series of events, performances, on celebrations that are held at a particular occasion." It can also refere to "a special occasion or period of time when people gather to celebrate Something, often with music, food, and others activities."

অক্সফোর্ড অভিধান অনুসারে, উৎসব হলো: "কতগুলো মুহূর্ত, ক্রিয়াকলাপ কিংবা উদযাপনের সমষ্টি যা একটি নির্দিষ্ট অনুষ্ঠানে পালিত হয়। এছাড়া এটা এক বিশেষ অনুষ্ঠান বা মুহূর্ত বোঝায় যখন মানুষ সংগীত, খাদ্যদ্রব্য এবং অন্যান্য কার্যক্রম পালনের জন্য একত্রিত হয়।"

> "A festival is a collective celebration of a community's shared identity, often involving ritual performances, feasting, and other forms of communal activity." [১৪]
>
> অর্থাৎ "উৎসব হল একটি সম্প্রদায়ের পরিচয়ের একটি সম্মিলিত উদযাপন, যেখানে প্রায়শই আচার অনুষ্ঠান, ভোজ এবং অন্যান্য ধরণের সাম্প্রদায়িক কার্যকলাপ জড়িত থাকে।"

### ৪. বৈশাখী পূর্ণিমা উৎসব

গৌতম বুদ্ধের জন্ম, বোধি জ্ঞান ও নির্বাণ লাভ এই ত্রিস্মৃতি বিজড়িত বৈশাখী পূর্ণিমা বৌদ্ধ সম্প্রদায়ের প্রধান ধর্মীয় উৎসব। বিশ্বের সকল বৌদ্ধ ধর্মাবলম্বীদের কাছে এটি "বুদ্ধ পূর্ণিমা" নামে পরিচিত। দিনটি বৌদ্ধ সম্প্রদায়ের জন্য এক অবিস্মরণীয় দিন। কারণ এ তিথি ঘিরে রয়েছে তথাগত বুদ্ধের তিনটি স্মরণীয় ঘটনা। ত্রিস্মৃতি বিজড়িত এ তিথির তাৎপর্য অত্যন্ত বিশাল। সব পূর্ণিমা তিথি বৌদ্ধ সম্প্রদায়ের জন্য কোনো না কোনোভাবে গুরুত্ব বহন করে। তবে বৈশাখী পূর্ণিমা তিথির সঙ্গে রয়েছে অন্য তিথিগুলোর বিস্তর পার্থক্য। জন্ম, বুদ্ধত্বলাভ এবং মহাপরিনির্বাণ প্রাপ্তি এই তিনটি ঘটনাকেই নিয়ে বৈশাখী পূর্ণিমা। বৌদ্ধ সমাজ বাংলাদেশসহ বিশ্বের প্রধান দেশসমূহে এই দিনটির ঘটনাবহুল বিভিন্ন দিক নিয়ে এ দিন উৎসবে উচ্ছ্বাসিত থাকে। এ দিনে আরও থাকে সরকারি ছুটি। আবহমানকাল থেকেই  বৌদ্ধ ধর্মাবলম্বীরা দিনটিকে খুবই তাৎপর্যপূর্ণভাবে আড়ম্বরের সাথে উদযাপন করে আসছে।[১৫]

শুভ বৈশাখী পূর্ণিমায় তৎকালীন ভারতবর্ষের কপিলাবস্তুর লুম্বিনী কাননে শাল বৃক্ষের তলায় রাজকুমার সিদ্ধার্থের জন্ম। পরম সত্য জানার জন্য তিনি ঊনত্রিশ বছর বয়সে সংসার ত্যাগ করেন। সত্যের সন্ধানে পরিভ্রমণ করতে করতে এক সময় তিনি গয়ার উরুবেলায় (বুদ্ধগয়া) গিয়ে নিবিষ্ট চিত্তে সাধনামগ্ন হন। দীর্ঘ ছয়বছর অবিরাম সাধনায় তিনি এই দিনে তথা বৈশাখী পূর্ণিমায় সম্যক সম্মোধি বা বুদ্ধত্ব লাভ করেন বলে জানা যায়। আশি বছর বয়সে হিরণ্যবতী নদীর তীরে কুশিনারার মল্লদের শালবনে জীবনের শেষ নিঃশ্বাস ত্যাগপূর্বক তিনি মহাপরিনির্বাণ লাভ করেন। এই মহাপরিনির্বাণ লাভের ক্ষণও ছিল বৈশাখ মাসের পূর্ণিমা তিথি।[১৬]

এ দিনে বৌদ্ধ ধর্মাবলম্বীরা স্নান করে এবং শুচিবস্ত্র পরিধান করে। মন্দিরে বুদ্ধের বন্দনায় রত থাকে। ভক্তরা প্রতিটি মন্দিরে বহু প্রদীপ প্রজ্জলিত করে। তারা ফুলের মালা দিয়ে মন্দির, গৃহ সুশোভিত করে এবং বুদ্ধের আরাধনায় নিমগ্ন হয়। বুদ্ধ পূর্ণিমার দিনে বৌদ্ধ ধর্মাবলম্বীরা বুদ্ধ পূজাসহ পঞ্চশীল, অষ্টশীল, সূত্রপাঠ, সূত্রশ্রবণ, সমবেত প্রার্থনা এবং নানাবিধ আঞ্চলিক অনুষ্ঠানের আয়োজন করে। তারা বুদ্ধানুস্মৃতি ও সংঘানুস্মৃতি ভাবনা করে। বিবিধ পূজা ও আচার-অনুষ্ঠানের পাশাপাশি বিবিধ সামাজিক, সাংস্কৃতিক ও ধর্মীয় অনুষ্ঠানেরও আয়োজন করে থাকে। বৌদ্ধ বিহারগুলোতে বুদ্ধের মহাজীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনাসহ ধর্মীয় সভার আয়োজন করা হয়। এই পূর্ণিমাকে ঘিরে অনেক বৌদ্ধ বিহারে চলে তিনদিন ব্যাপী নানামুখী অনুষ্ঠান।[১৭]

## ৫. আষাঢ়ী পূর্ণিমা উৎসব

আষাঢ়ী পূর্ণিমা সমগ্র বিশ্বে বৌদ্ধদের জন্য অত্যন্ত মহত্ত্বপূর্ণ একটি দিন। আষাঢ়ী পূর্ণিমা বৈশাখী বা বুদ্ধ পূর্ণিমার চেয়ে এ দিবসটির তাৎপর্য কোনো অংশেই কম নয়। আষাঢ়ী পূর্ণিমাকে *গুরু পূর্ণিমা*ও বলা হয়। আষাঢ়ীপূর্ণিমা বৌদ্ধধর্মের গুরুত্বপূর্ণ সামাজিক, ধর্মীয় ও সাংস্কৃতিক উৎসব। যা প্রতিবছর আষাঢ় মাসের পূর্ণিমা তিথিতে পালিত হয়। এটি সাধারণত জুলাই মাসে অনুষ্ঠিত হয়। এই দিনটি বৌদ্ধধর্মের ইতিহাসে অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ এই দিনেই গৌতম বুদ্ধ প্রথমবারের মত গুরু আসনে বসে পাঁচজন ঋষিকে ধর্ম দেশনার মাধ্যমে দীক্ষা দিয়েছিলেন বা উপদেশ প্রদান করেছিলেন, যা "ধর্মচক্র প্রবর্তন" নামে পরিচিত।[১৮]

এছাড়া এ পূর্ণিমা তিথিতে তিনি যমক ঋদ্ধি (দিব্যশক্তি) প্রদর্শন করেন এবং ভিক্ষুসংঘকে আত্মবিশুদ্ধি ও আত্ম বিশ্লেষণাত্মক চেতনায় উজ্জীবিত করার লক্ষ্যে বর্ষাব্রত পালনের নির্দেশ দেন। এদিন বুদ্ধদেব বারাণসীতে মাহানাম, অশ্বজিৎ, বাপ্প, ভদ্দিয় ও কোন্ডষা এ পাঁচজনকে তাঁর অর্জিত সিদ্ধিতত্ত্ব ব্যাখ্যা করেন। জগতে বুদ্ধবাণীর প্রথম প্রকাশ ঘটে এ দিনই। তাই ঐতিহাসিক ও ধর্মীয় দৃষ্টিকোণ থেকে আষাঢ়ী পূর্ণিমা বিশেষ গুরুত্ববহ। এদিনে গৌতম বুদ্ধ মানব জাতীকে প্রথম ধর্ম শিখিয়েছেন। সারনাথের যে স্থানে বুদ্ধ প্রথম বারের মত ধর্ম শিখিয়েছেন, সে স্থানে ঐতিহাসিক "ধামেক স্তুপ" অদ্যবধি বিরাজমান রয়েছে। এ পূর্ণিমার দিনে মহারাণী মহামায়া দেবীর গর্ভে ভাবী বুদ্ধের প্রতিসন্ধি হয়েছিল। গৌতম বুদ্ধের জীবনের তিনটি ঐতিহাসিক ঘটনা। সেগুলো হলোঃ মাতৃগর্ভে প্রতিসন্ধি গ্রহণ, গৃহত্যাগ এবং প্রথম ধর্ম প্রচার। যে গুলো আষাঢ় মাসের পূর্ণিমা তিথিতেই সংঘটিত হয়েছিল, আর আষাঢ় মাসের পূর্ণিমা তিথিই মূলত আষাঢ়ী পূর্ণিমা।[১৯]

## ৬. বৌদ্ধ ধর্মে বৈশাখী ও আষাঢ়ী পূর্ণিমার প্রকৃতি ও বৈশিষ্ট্য

বৌদ্ধধর্মে বৈশাখী ও আষাঢ়ী পূর্ণিমা দুটি গুরুত্বপূর্ণ পূর্ণিমার দিন। বৈশাখী পূর্ণিমা গৌতমবুদ্ধের জন্ম, বোধি প্রাপ্তি ও পরিনতির দিন। অপরদিকে আষাঢ়ী পূর্ণিমা বুদ্ধের প্রথম ধর্মোপদেশ দেওয়ার দিন। এই দুটি পূর্ণিমার রয়েছে অনন্য সাধারণ প্রকৃতি ও বৈশিষ্ট্য।

### ৬.১ বৈশাখী পূর্ণিমার প্রকৃতিগত বিশ্লেষণ

বৌদ্ধধর্মের বৈশাখী পূর্ণিমা একটি আধ্যাত্মিক ও ধর্মীয় উৎসব; প্রকৃতির সাথে সংযোগযুক্ত এ উৎসবটি গৌতম বুদ্ধের জন্ম, বুদ্ধত্বলাভ এবং মহাপরিনির্বাণের স্মৃতি তুলে ধরে।

#### ৬.১.১ সময় কাল

পঞ্জিকা অনুসারে বৈশাখ মাসের শুক্লপক্ষের পূর্ণিমা তিথিকে বৈশাখী পূর্ণিমা বলা হয়। এই দিনটিকে বুদ্ধ পূর্ণিমা হিসেবেও পালন করা হয়। বৈশাখ মাসের পূর্ণিমা তিথি খুবই গুরুত্বপূর্ণ। বৈশাখী পূর্ণিমা মূলত প্রতিবছর বৈশাখ মাসের পূর্ণিমা তিথিতেই ঘটে যা সাধারণত এপ্রিল-মে তে অনুষ্ঠিত হয়।[২০]

#### ৬.১.২ আবহাওয়া ও ঋতু বৈচিত্র্য

বৈশাখী পূর্ণিমা সাধারনত বৈশাখ মাসে, যা বাংলায় বর্ষ পুঞ্জির প্রথম মাস। এটি গ্রীষ্মকালের শেষে এবং বর্ষাকালের শুরুতে আসে। এসময়ে গ্রীষ্মের তীব্র গরম কিছুটা কমতে শুরু করে এবং বর্ষার আগমন ঘটে। দক্ষিণ এশিয়ার অনেক অঞ্চলে এটি বর্ষার পূর্বাভাস হিসেবে গণ্য হয়। বৈশাখী পূর্ণিমার সময় গ্রীষ্মকাল শেষের দিকে পৌঁছে। এই সময়ে তাপমাত্রা বেশ উচ্চ থাকে এবং গরম আবহাওয়া সাধারণত চলতে থাকে। গ্রীষ্মকালে তাপদাহ, রৌদ্র এবং শুষ্কতা প্রধান্য পায়। বৈশাখী পূর্ণিমার পরবর্তী

মাস আষাঢ়, যা বর্ষার শুরু। এই সময়ে মৌসুমি বৃষ্টিপাত শুরু হয়, যা প্রকৃতিতে আর্দ্রতা ও শীতলতা নিয়ে আসে। বৈশাখী পূর্ণিমা গ্রীষ্মের শেষের দিকে উদযাপিত হয়, যখন ধর্মীয় ও সামাজিক উৎসবের আয়োজন করা হয়। এতে বৌদ্ধধর্মের গুরু বুদ্ধের জন্মও স্মরণ করা হয়।[২১]

### ৬.১.৩ ধর্মীয় প্রকৃতি

বৌদ্ধধর্মে বৈশাখী পূর্ণিমার ধর্মীয় প্রকৃতি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং বহুমুখী। এটি গৌতম বুদ্ধের জন্ম দিবস পালন, বোধি অর্জন এবং মহাপরিনির্বাণ এর দিন হিসেবে বিবেচিত।

**ক. বুদ্ধের জন্ম দিবস পালন:** বুদ্ধের জন্ম দিবসকে কেন্দ্র করে বুদ্ধপূর্ণিমা বা বৈশাখী পূর্ণিমা উৎসব। বুদ্ধ পূর্ণিমা সাধারণত বৈশাখ মাসের পূর্ণিমা তিথিতে উদযাপিত হয়। যা গ্রেগরিয়ান ক্যালেন্ডার অনুযায়ী এপ্রিল মাসের শেষ বা মে মাসের শুরুতে পড়ে। তবে প্রতি বছর তারিখ কিছুটা পরিবর্তিত হতে পারে কারণ এটি চন্দ্র পঞ্জিকা অনুসারে নির্ধারিত হয়। এটি বৌদ্ধ ধর্মের সবচেয়ে গুরুত্বপূর্ণ দিবসগুলোর একটি। বুদ্ধ আজ থেকে প্রায় আড়াই হাজার বৎসর পূর্বে কপিলাবস্তু রাজ্যের রাজা শুদ্ধোধনের ঔরসে রাণী মহামায়ার গর্ভে জন্ম গ্রহণ করেন। তবে রাজপ্রাসাদে নয়, তাঁর জন্ম হয়েছিল লুম্বিনী কাননে, প্রকৃতির সান্নিধ্যে যা বর্তমানে নেপালে অবস্থিত।[২২]

**খ. বোধি অর্জন:** বোধি অর্জন ও বুদ্ধের জীবন ও বৌদ্ধ ধর্মের প্রধান ঘটনার অন্যতম। বুদ্ধের নিকট জাতি, শ্রেণি ও গোত্রের কোনো ভেদাভেদ ছিল না। তিনি মানুষকে মানুষ এবং প্রাণিকে প্রাণিরূপেই জানতেন এবং সব প্রাণসত্তার মধ্যেই যে কষ্টবোধ আছে তা তিনি মর্মে মর্মে উপলব্ধি করতেন। তিনি নিজের ধ্যান ও চিন্তায় জীবনের সব দুঃখের কারণ এবং এর নিরসনের পথ খুঁজতে থাকেন। এই পরম সত্য জানার জন্য তিনি উনত্রিশ বছর বয়সে সংসার ত্যাগ করেন। সত্যের সন্ধানে পরিভ্রমণ করতে করতে এক সময় তিনি গয়ার উরুবেলায় (বুদ্ধগয়া) গিয়ে নিবিষ্টচিত্তে সাধনামগ্ন হন। দীর্ঘ ছয় বছর অবিরাম সাধনায় তিনি লাভ করেন সম্বুদ্ধ বা বুদ্ধত্ব।[২৩]

**গ. মহাপরিনির্বাণ:** এটি হলো গৌতম বুদ্ধের মৃত্যু ও নির্বাণ অর্জনের চূড়ান্ত অবস্থা। এটি ঘটে ৪৮৩ খ্রিস্টপূর্বাব্দে কুশিনগরে, যেখানে বুদ্ধ আশি বৎসর বয়সে মারা যান। মহাপরিনির্বাণ বৌদ্ধ ধর্মের মূল তত্ত্বের প্রতীক; এটি পৃথিবীর সকল দুঃখ থেকে মুক্তি ও চরম শান্তির আর্জন বোঝায়। মৃত্যুর সময় বুদ্ধ তার শিষ্যদের শেষ উপদেশ দেন এবং তাঁর শরীরকে একটি স্তূপে রাখা হয়, যা পরবর্তীতে একটি তীর্থস্থানে পারিণত হয়।[২৪]

### ৬.১.৪ সাংস্কৃতিক প্রকৃতি

বুদ্ধ পূর্ণিমার দিন বিভিন্ন সংস্কৃতিতে উৎসবের রীতি পালন করা হয়। এই দিনটি বৌদ্ধদের ধর্মীয় চর্চা, প্রার্থনা এবং বিশেষ ধর্মীয় উৎসবের মাধ্যমে উদযাপন করা হয়। অসম্প্রদায়িক বাংলাদেশে সরকারি ছুটি ঘোষণা করা হয়। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও বৌদ্ধ সংগঠনগুলো পূর্ণিমা উপলক্ষ্যে র‍্যালি, সভা-সেমিনারের আয়োজন এবং ম্যাগাজিন প্রকাশ করে থাকে। বিভিন্ন পত্র-পত্রিকা, রেডিও-টেলিভিশন বিশেষ অনুষ্ঠানমালা সম্প্রচার করে থাকে। বিহারে করা হয় ধর্মীয় সভা ও নানা সাংস্কৃতিক অনুষ্ঠান।[২৫]

### ৬.১.৫ সামাজিক প্রকৃতি

বৈশাখী পূর্ণিমা বৌদ্ধ ধর্মাবলম্বীদের জন্য একত্রিত হওয়ার এবং ধর্মীয় মূল্যবোধ পুন: মূল্যায়নের সুযোগ প্রদান করে। এই দিনে, বৌদ্ধরা তাদের ধর্মীয় ও আধ্যাত্মিক চেতনা পুনরুজ্জীবিত করে এবং সমাজে শান্তি ও সহানুভূতির বার্তা প্রচার করে। এটি একটি সামাজিক একতা সৃষ্টির উপলক্ষ্য, যেখানে বিভিন্ন সম্প্রদায়ের সদস্যরা মিলিত হয়ে ধর্মীয় আচার পালন করে। বুদ্ধ পূর্ণিমা বা বৈশাখী পূর্ণিমা উপলক্ষ্যে প্রতিবছর জাতিসংঘের সদর দপ্তর নিউইয়র্কে মহাসমারোহে পালিত হয় ভেসাক ডে। ফলে, বিভিন্ন দেশের বৌদ্ধ প্রতিনিধি ও জাতিসংঘে নিযুক্ত প্রতিনিধিরা এ অনুষ্ঠানে অংশ গ্রহণ করে থাকেন। অন্যান্য দেশের মতো বাংলাদেশে দিনটি যথাযোগ্য সম্মান, ভক্তি ও জাঁকজমকপূর্ণ পরিবেশের মাধ্যমে প্রতিবছর পালন করা হয়। ফলে সকল ভেদাভেদ ভুলে তারা জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে আনন্দের সঙ্গে বিহারে গিয়ে আয়োজন উপভোগ করে।[২৬]

## ৬.২ বৈশাখী পূর্ণিমার বৈশিষ্ট্য

বৈশাখী পূর্ণিমার বৈশিষ্ট্যগত বিশ্লেষণ করতে হলে- এটি বৌদ্ধ ধর্মের জন্য কতটা গুরুত্বপূর্ণ এবং কীভাবে এই দিনটি উদযাপিত হয় তা বুঝতে হবে। নিম্নে এতদসংক্রান্ত আলোচনা তুলে ধরা হলো:

### ৬.২.১ ঐতিহাসিক পটভূমি

বৈশাখী পূর্ণিমার ঐতিহাসিক গুরুত্ব প্রধানত গৌতম বুদ্ধের জীবন ও শিক্ষাকেন্দ্রিক। এটি মূলত বুদ্ধের জন্ম, বোধি লাভ এবং মহাপরিনির্বাণ (মৃত্যু) উপলক্ষ্যে পালন করা হয়। গৌতম বুদ্ধের জীবন ও শিক্ষার গুরুত্বপূর্ণ এই ঘটনা একসাথে ঘটে,

যা বৌদ্ধধর্মের অন্যতম মূল উৎসব হিসেবে স্বীকৃত। এই ঐতিহাসিক পটভূমি বৌদ্ধ ধর্মাবলম্বীদের কাছে পূর্ণিমাটিকে একটি পবিত্র দিন হিসেবে প্রতিষ্ঠিত করেছে, যেখানে তারা ধ্যান, প্রার্থনা এবং ধর্মীয় চর্চার মাধ্যমে বুদ্ধের শিক্ষা স্মরণ করে।[২৭]

### ৬.২.২ উন্নয়ন ও পরিবর্তন

বৈশাখী পূর্ণিমা উন্নয়ন ও পরিবর্তন এর প্রতীক হিসেবে বৌদ্ধ ধর্মাবলম্বীদের আত্ম-উন্নয়নের উদ্দেশ্যকে প্রবর্তন করে। এই দিনে, বুদ্ধের জীবনদর্শন অনুসরণ করে বৌদ্ধধর্মের অনুসারীরা ধ্যান ও আত্ম-সমালোচনার মাধ্যমে নিজেদের দৃষ্টিভঙ্গি ও আচরণে পরিবর্তন আনতে সচেষ্ট হন। বুদ্ধের শিক্ষা অনুযায়ী, অজ্ঞতা থেকে জ্ঞান অর্জন এবং অহিংসা, সহানুভূতি ও সদাচারের মাধ্যমে নিজেদের ও সমাজের উন্নতি ঘটানো সম্ভব। এই পূর্ণিমা উপলক্ষ্যে মানুষের মধ্যে সচেতনতা, শান্তি ও মানবিক সম্পর্কের উন্নয়নের উদ্যোগ নেওয়া হয়, যা সমাজে ব্যাপক পরিবর্তন আনতে সাহায্য করে।[২৮]

### ৬.২.৩ ধর্মীয় আচার ও অনুষ্ঠান

বৈশাখী পুর্ণিমায় নিম্নোক্ত ধর্মীয় আচার-অনুষ্ঠান বিশেষ ভূমিকা পালন করেঃ

**ক. পূজাঃ** বৈশাখী পূর্ণিমার দিন বৌদ্ধ ধর্মাবলম্বীরা স্নান করে এবং শুচি বস্ত্র পরিধান করে। বৌদ্ধরা সাধারণত বুদ্ধমূর্তি বা ছবির সামনে বসে বৌদ্ধ মঠ ও বিহারে এই দিনে বিশেষ পূজা, প্রার্থনা ও ধ্যানের আয়োজন করে। পূজা অর্চনার সময় বুদ্ধ মূর্তির সামনে ফুল, বহু প্রদীপ প্রজ্জ্বলিত করে ও জল নিবেদন করে থাকে এবং ধর্মীয় বক্তব্য প্রদান করে। এছাড়া বৌদ্ধরা এ দিনে বুদ্ধ পূজার পাশাপাশি পঞ্চশীল, সূত্র পাঠ, সূত্র শ্রবণ ও সমবেত প্রার্থনা করে থাকে।[২৯]

**খ. বিশেষ অনুষ্ঠানঃ** বৈশাখী পূর্ণিমায় বৌদ্ধ মঠ ও বিহারে বুদ্ধের জীবন, শিক্ষা, চতুষ্কোটি সত্য ও অষ্টাঙ্গিক মার্গ নিয়ে আলোচনা হয়। এ সময় বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও ধর্মীয় অনুষ্ঠান অনুষ্ঠিত হয় এবং শিশু-কিশোরদের মধ্যে উৎসবের আমেজ দেখা যায়। অনেক বিহারে তিন দিনব্যাপী জাঁকজমকপূর্ণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।[৩০]

**গ. ধ্যানঃ** বুদ্ধ জগৎজয় অপেক্ষা আত্মজয়কে শ্রেষ্ঠজয় বলে অভিহিত করেছেন। ধ্যান বৌদ্ধ ধর্মের মূল অনুশীলনগুলোর অন্যতম। বুদ্ধ পূর্ণিমায়, বৌদ্ধরা বিশেষ করে ধ্যানের মাধ্যমে আত্মসমর্পন এবং আত্ম-উন্নতির দিকে মনোনিবেশ করে। এটি শান্তি এবং সন্ন্যাস বর্জনের জন্য একটি মাধ্যম হিসেবে বিবেচিত। সাধারণত বৌদ্ধরা বুদ্ধ পূর্ণিমায় সমবেত হয়ে গ্রন্থশালায় বা মন্দিরে ধ্যান করে। এর মাধ্যমে, মনের শান্তি এবং গভীর অন্তর্দৃষ্টির অর্জন হয় যা বুদ্ধের শিক্ষা অনুসরণের একটি বাস্তবিক উপায়।[৩১]

**ঘ. প্রার্থনাঃ** প্রার্থনা বৈশাখী পূর্ণিমার অপর একটি গুরুত্বপূর্ণ দিক। সাধারণত পূর্ণিমা উপলক্ষে মন্দিরে বা ধর্মীয় স্থানে সমবেত হয়ে প্রার্থনা করে। বৌদ্ধ ধর্মাবলম্বীরা বুদ্ধের ঘটনা, তাঁর শিক্ষা এবং মানবতার কল্যানের জন্য প্রার্থনা করে থাকে। প্রার্থনা সাধারণত বুদ্ধ, ধর্ম এবং সংঘ (মন্দির বা ধর্মীয় সম্প্রদায়) এর প্রতি নিবেদিত হয়। এটি আধ্যাত্মিক উন্নতি ও শান্তি প্রার্থনার উদ্দেশ্যে করা হয়।[৩২]

### ৬.২.৪ সংস্কৃতিগত প্রভাব ও উদযাপন

বৈশাখী পূর্ণিমা বৌদ্ধ সম্প্রদায়ের সাংস্কৃতিক কর্মকান্ড এবং সামাজিক উদযাপনের একটি গুরুত্বপূর্ণ অংশ। প্রভাবের কারণে বিভিন্ন সংস্কৃতি ও অঞ্চলের এবং বিভিন্ন দেশে বৈশাখী পূর্ণিমার উদযাপনে ভিন্নতা লক্ষ করা যায়।

**ক. স্থানীয় উদযাপনঃ** বাংলাদেশে বৌদ্ধ সম্প্রদায়ের সদস্যরা বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে বিভিন্ন আচার-অনুষ্ঠান পালন করেন, যেমন প্রর্থনা, ধ্যান এবং মন্দিরে সেবা প্রদান। মন্দিরে বিশেষ পূজা, ধ্যান এবং ধর্মগ্রন্থ পাঠ এছাড়া লোকসংগীত, নৃত্য, বৈশাখী মেলা ইত্যাদি অনুষ্ঠিত হয়। তেমনিভাবে ভারত, শ্রীলংকা, থাইল্যান্ড, মিয়ানমারসহ অন্যান্য দেশে ভিন্নতার মধ্য দিয়ে অনুষ্ঠানাদি পালিত হয়।[৩৩]

**খ. আন্তর্জাতিক ক্ষেত্রে উদযাপনঃ** এটি একটি আন্তর্জাতিক মাত্রার অনুষ্ঠান, যেখানে বৌদ্ধ ধর্মাবলম্বীরা বিশেষ প্রার্থনা, ধ্যান ও দানের মাধ্যমে বুদ্ধের জীবনকে স্মরণ করে। এই দিনটিকে উদযাপন করতে বিভিন্ন দেশে সাংস্কৃতিক অনুষ্ঠান, যেমন লোকনৃত্য, সংগীত ও স্থানীয় খাদ্য প্রস্তুত করা হয়, যা স্থানীয় ঐতিহ্য ও সংস্কৃতির সাথে মিলে যায়। আন্তর্জাতিক বৌদ্ধ সম্মেলনগুলোও অনুষ্ঠিত হয়, যেখানে ধর্মীয় নেতা ও গবেষকরা উপস্থিত হয়ে নিজেদের চিন্তা-ভাবনা বিনিময় করেন। এভাবে, বৈশাখী পূর্ণিমা সাংস্কৃতিক ঐক্য ও মানবিক সম্পর্কের উন্নয়নে আন্তর্জাতিকভাবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।[৩৪]

### ৬.২.৫ দাতব্য কার্যক্রম ও সমাজসেবা

**ক. দান ও সাহায্যঃ** বৈশাখী পূর্ণিমার সময় দরিদ্রদের সহায়তা প্রদান করা হয়। সামাজিক সেবা, বিনামূল্যে চিকিৎসা ক্যাম্পের মাধ্যমে চিকিৎসকরা স্বাস্থ্য পরীক্ষা ও চিকিৎসাসেবা প্রদান করেন। সমাজে তারা স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ অবদান রাখেন এবং শিক্ষার সুযোগ বৃদ্ধির জন্য বিভিন্ন কার্যক্রম পরিচালনা করেন। এছাড়া বিভিন্ন ধরনের দাতব্য কার্যক্রমের মাধ্যমে মানুষের মধ্যে সংহতি তৈরি করে। এই দিনটি উদযাপনের মাধ্যমে বিভিন্ন সম্প্রদায়ের লোকজনের মধ্যে এক ধরনের সহযোগিতার মনোভাব তৈরি হয়।[৩৫]

**খ. সামাজিক উদ্যোগঃ** বৌদ্ধ সম্প্রদায় এই দিনটিকে সামাজিক ন্যায় এবং সহানুভূতি প্রচারের মাধ্যম হিসেবে ব্যবহার করে থাকে। তারা দিনটিকে তাদের সম্প্রদায়ের জন্য বিভিন্ন ধরনের ব্যবস্থা হিসেবে গ্রহণ করে থাকে যেমনঃ ধ্যান, প্রার্থনা, দানশীলতা ও দুঃস্থ- সহায়তা, শিক্ষামূলক সেমিনার ও কর্মশালা-সাংস্কৃতিক অনুষ্ঠান, পরিবেশ সংরক্ষণ কার্যক্রম ইত্যাদি। এগুলোর মাধ্যমে এই বিশেষ দিনে, বিভিন্ন কমিউনিটি এবং সংগঠনগুলো নানা রকম উদ্যোগ গ্রহণ করে থাকে। যা ধর্মীয় আচার-অনুষ্ঠানের বাইরেও একটি বাস্তবিক ও কার্যকরী সমাজসেবার উদাহরণ তৈরি করে।[৩৬]

### ৬.২.৬ আন্তর্জাতিক স্বীকৃতি ও সহযোগিতা

**১৯৯৯** সালে জাতিসংঘ বৈশাখী পূর্ণিমাকে “বুদ্ধ পূর্ণিমা” হিসেবে আন্তর্জাতিকভাবে স্বীকৃতি দেয়, যা ধর্মীয় সাহযোগিতা এবং বিশ্বব্যাপী বৌদ্ধ সম্প্রদায়ের একত্রিত হওয়ার প্রতীক। বৈশাখী পূর্ণিমার সময় বিভিন্ন আন্তর্জাতিক সম্মেলন ও সেমিনার অনুষ্ঠিত হয়। সম্মেলনগুলোতে বৌদ্ধ ধর্মের মূলনীতিগুলো, যেমন অহিংসা, সহানুভূতি এবং মানবিকতা, প্রসারিত করার উপর আলোচনা হয়। এটি ধর্মীয় ঐক্য, সাংস্কৃতিক বিনিময় এবং আন্তর্জাতিক সহযোগিতার একটি প্ল্যাটফর্ম হিসেবে কাজ করে। উদাহরণস্বরূপঃ বাংলাদেশ, ভুটান, কম্বোডিয়া, চীন, ভারত, জাপান ইন্দোনেশিয়া, মঙ্গোলিয়া, মিয়ানমার, নেপাল ইত্যাদিসহ আরও অনেক দেশে *বুদ্ধ পূর্ণিমা* দিবসে আন্তর্জাতিক সেমিনার ও কর্মশালার আয়োজন করা হয়, যেখানে ধর্মীয় ও আধ্যাত্মিক বিষয়গুলো নিয়ে আলোচনা হয়। এছাড়াও, এই সম্মেলনগুলো সাধারণ জনগণের মধ্যে বৌদ্ধ ধর্মের শিক্ষার গুরুত্ব বাড়াতে সাহায্য করে এবং নতুন প্রজন্মের কাছে এই ধর্মের ঐতিহ্য ও মূল্যবোধ সংরক্ষণে সচেতনতা সৃষ্টি করে। ফলে, বৈশাখী পূর্ণিমা আন্তর্জাতিক স্বীকৃতি ও সহযোগিতার একটি গুরুত্বপূর্ণ সূচনা প্রদান করে, যা বিশ্বব্যাপী বৌদ্ধ সম্প্রদায়ের ঐক্য, সাম্প্রদায়িক শান্তি ও ঐতিহ্যের প্রতীক হিসেবে উদ্ভাসিত হয়। এটি শুধু ধর্মীয় ক্ষেত্রে নয় বরং সামাজিক ও সাংস্কৃতিকভাবে বিভিন্ন জাতি ও সম্প্রদায়ের মধ্যে সহযোগিতা এবং পারস্পরিক শ্রদ্ধার বন্ধন দৃঢ় করতে সহায়ক ভূমিকা পালন করে।[৩৭]

### ৬.২.৭. বৌদ্ধ ধর্মের শিক্ষা ও প্রশিক্ষণ

বৌদ্ধ ধর্মের শিক্ষা ও প্রশিক্ষণের ক্ষেত্রে বৈশাখী পূর্ণিমা ধর্মটির নীতির গভীরতা ও প্রভাবের একটি গুরুত্বপূর্ণ দিক। এই দিনটি বৌদ্ধদের জন্য কেবল একটি ধর্মীয় উৎসব নয়, বরং আত্ম-উন্নয়ন ও শিক্ষার সুযোগ। বৈশাখী পূর্ণিমা উপলক্ষে, বিভিন্ন বৌদ্ধ মন্দির ও প্রতিষ্ঠান বিশেষ শিক্ষা ও প্রশিক্ষণের আয়োজন করে। এই অনুষ্ঠানে ধর্মীয় নেতা ও পণ্ডিতরা বুদ্ধের শিক্ষা ও জীবনদর্শন সম্পর্কে আলোচনা করেন, যা ব্যক্তিগত উন্নতি ও সামাজিক সমৃদ্ধির পথ দেখায়। এখানে বিভিন্ন বিষয় যেমন ধ্যান, নৈতিকতা, অহিংসা এবং সহানুভূতির ওপর গুরুত্বারোপ করা হয়।[৩৮]

প্রশিক্ষণের মাধ্যমে অংশগ্রহণকারীরা বুদ্ধের নীতিগুলো বাস্তব জীবনে কীভাবে প্রয়োগ করা যায় সে সম্পর্কে ধারণা লাভ করে। বিশেষত, নতুন প্রজন্মের জন্য এই ধরনের শিক্ষা তাদের আধ্যাত্মিক ও মানসিক বিকাশে সহায়ক। এছাড়া, এই প্রশিক্ষণ কর্মসূচি বৌদ্ধ ধর্মের সংস্কৃতি ও ঐতিহ্যকে সংরক্ষণ এবং সম্প্রসারিত করতে সাহায্য করে, বৈশাখী পূর্ণিমা বৌদ্ধ ধর্মের শিক্ষা ও প্রশিক্ষণের জন্য একটি শক্তিশালী প্ল্যাটফর্ম তৈরি করে, যা ব্যক্তিগত ও সামাজিক উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করে। বৈশাখী পূর্ণিমার সময় ধর্মীয় শিক্ষার প্রচার, বুদ্ধের শিক্ষা ও দৃষ্টিভঙ্গি সম্পর্কে বক্তৃতা এবং কর্মশালা আয়োজন করা হয় এবং এ কর্মশালায় ধ্যান ও আত্মউন্নয়নের উপর বিশেষ মনস্তাত্ত্বিক প্রশিক্ষণ প্রদান করা হয়।[৩৯]

### ৬.৩ বৌদ্ধধর্মের আষাঢ়ী পূর্ণিমার প্রকৃতি

আষাঢ়ী পূর্ণিমা বৌদ্ধ ধর্মের একটি গুরুত্বপূর্ণ ধর্মীয় উৎসব, যা গৌতম বুদ্ধের গৃহী জীবন ত্যাগ এবং বুদ্ধত্ব লাভের স্মৃতির সাথে সম্পর্কিত। এই দিনটি বৌদ্ধ ধর্মের প্রথম উপদেশ প্রদান বা *ধর্মচক্র প্রবর্তন* এর দিন হিসেবে পরিচিত। আষাঢ়ী পূর্ণিমার প্রকৃতি বলতে বোঝানো হয় এই দিনটির মৌলিক বৈশিষ্ট্য, যা ঐতিহাসিক, জ্যোতির্বৈজ্ঞানিক, ধর্মীয় এবং আধ্যাত্মিক দৃষ্টিকোণ থেকে এর সমন্বিত গঠন ও তাৎপর্য প্রকাশ করে।

### ৬.৩.১ জ্যোতির্বৈজ্ঞানিক প্রকৃতি

**ক. সময়কালঃ** আষাঢ়ী পূর্ণিমা প্রতিবছর আষাঢ় মাসের পূর্ণিমার তিথিতে অনুষ্ঠিত হয়। গ্রেগরিয়ান ক্যালেন্ডার অনুযায়ী, এটি সাধারণত জুন মাসের শেষের দিকে বা জুলাই মাসের শুরুতে পড়ে। এদিনটির তারিখ চন্দ্রপঞ্জি অনুসারে প্রতিবছর সামান্য পরিবর্তিত হতে পারে। পূর্ণিমার সময় মূলত রাত্রি বারটার পর চাঁদের পূর্ণ আলো দেখতে পাওয়া যায়। বিশেষজ্ঞরা বিভিন্ন বছর ও অঞ্চলের জন্য পূর্ণিমার সঠিক সময় নির্ধারণ করেন যা স্থানভেদে পরিবর্তিত হতে পারে। এটি চাঁদের গতি ও পৃথিবীর অবস্থানের উপর নির্ভর করে।[৪০]

**খ. আবহাওয়াঃ** আষাঢ়ী পূর্ণিমার সময় দক্ষিণ এশিয়ায় বর্ষাকাল শুরু হওয়া সাধারণ একটি প্রাকৃতিক প্রবণতা। এই সময় মৌসুমি বৃষ্টির প্রারম্ভ ঘটে, যা তাপমাত্রা কমিয়ে দেয় এবং আর্দ্রতা বৃদ্ধি করে। যা কৃষি ও জীববৈচিত্র্যের জন্য

উপকারী। এছাড়া এই পরিবেশ বৌদ্ধ ধর্মাবলম্বীদের জন্য একটি আধ্যাত্মিক অভিজ্ঞতার সাথে মিশে থাকে এবং এটি বৌদ্ধ ধর্মের অনুষ্ঠানগুলোর জন্য একটি উপযুক্ত পরিবেশ তৈরি করে।[৪১]

**গ. ঋতুবৈচিত্র:** ঋতু বৈচিত্রের ক্ষেত্রে বাংলাদেশ ও ভারত এই অঞ্চলে আষাঢ়ী পূর্ণিমা বর্ষার প্রথম মাস, যা "আষাঢ়" নামে পরিচিত। বর্ষার পূর্বে তাপমাত্রা বৃদ্ধি পায় এবং বৃষ্টির পূর্বাভাস থাকে। অপরদিকে দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশ যেমন: থাইল্যান্ড-শ্রীলংকা এবং মিয়ানমারের মতো দেশে আষাঢ়ী পূর্ণিমার সময় বর্ষা মৌসুম শুরু হয়, যা আষাঢ়ী পূর্ণিমার ধর্মীয় কার্যক্রমে প্রভাব পড়তে পারে। এহেন পরিস্থিতিতে বৃষ্টির কারণে উপাসনা ও আচার-অনুষ্ঠানে পরিবর্তন লক্ষ করা যায়। যেমনঃ মন্দিরের অভ্যন্তরীণ অনুষ্ঠানগুলো বাহ্যিক অনুষ্ঠানের পরিবর্তে আয়োজিত হতে পারে।[৪২]

### ৬.৩.২ ঐতিহাসিক ও ধর্মীয় প্রকৃতি

আষাঢ়ী পূর্ণিমার ঐতিহাসিক গুরুত্ব মূলত গৌতম বুদ্ধের প্রথম ধর্মোপদেশের সাথে সম্পর্কিত। বোধিজ্ঞান লাভের পর বুদ্ধ এই দিনে তাঁর প্রথম উপদেশ প্রদান করেন, যা "ধর্মচক্র প্রবর্তন" হিসেবে পরিচিত। এটি বৌদ্ধধর্মের প্রতিষ্ঠার একটি গুরুত্বপূর্ণ মাইলফলক এবং যা পরবর্তীতে বৌদ্ধধর্মের মৌলিক ভিত্তি হয়ে উঠে। এটি সারনাথের মৃগদায় উপাধ্যায়ভূমি বিহারে অনুষ্ঠিত হয়েছিল, যা বর্তমানে ভারতীয় উত্তর প্রদেশে অবস্থিত। গৌতম বুদ্ধ তার তত্ত্বজ্ঞান লাভের পর, তিনি প্রথমে একাকী ধ্যানের মধ্যে নিজেকে নিযুক্ত করেন। পরে, তিনি সিদ্ধান্ত নেন যে তার জ্ঞান ও দীক্ষা অন্যদের সাথে ভাগ করে নিতে হবে। যা ধর্মচক্র প্রবর্তনের মাধ্যমে সংঘটিত হয়। বুদ্ধের প্রথম বক্তৃতার মূল বিষয় ছিল চারটি আর্যসত্য ও অষ্টাঙ্গিক মর্গের সন্ধান পাওয়া। এই দিনটি বৌদ্ধধর্মের একটি বিশেষ উপলক্ষ হিসেবে পালিত হয়। যা ধর্মীয় চর্চা ও শিক্ষা প্রচারের সাথে যুক্ত।[৪৩]

**উদযাপন:** উদযাপন একটি গুরুত্বপূর্ণ দিক। এই পূর্ণিমার দিবসটি বৌদ্ধধর্মের ইতিহাসে বিশেষভাবে উল্লেখযোগ্য, কারণ এটি গৌতম বুদ্ধের প্রথম ধর্ম শিক্ষা প্রচারের স্মরণীয় দিন হিসেবে গণ্য। আষাঢ়ী পূর্ণিমা উপলক্ষে বৌদ্ধ ধর্মাবলম্বীরা নানা ধরনের ধর্মীয় অনুষ্ঠান ও উদযাপন করে, যা ইতিহাস ও ধর্মীয় গুরুত্বপূর্ণ মুহূর্তকে স্মরণ করে। এই দিন, বুদ্ধ তার প্রথম শিষ্যদের নিয়ে সৃষ্টিশীল ও ধর্মীয় চর্চার প্রাথমিক ভিত্তি স্থাপন করেন, যা পরবর্তীকালে "ধর্মচক্র প্রবর্তন" হিসেবে পরিচিত। এ উপলক্ষে বৌদ্ধ মন্দিরগুলোতে বিশেষ প্রার্থনা, ধ্যান ও ধর্মোপদেশের আয়োজন করা হয়। বৌদ্ধরা একত্রিত হয়ে ধর্মীয় আলোচনা, ধর্মীয় সংগীত গাওয়া এবং দানশীলতার কার্যক্রমে অংশগ্রহণ করে। সামাজিক সহায়তার উদ্যোগ, যেমন খাদ্য বিতরণ এবং গরিবদের সহায়তা, এই উদযাপনের অংশ হয়ে ওঠে।[৪৪]

### ৬.৩.৩ আধ্যাত্মিক প্রকৃতি

**ক. আধাত্মিক পুনর্জাগরণ:** এই দিনটি আধ্যাত্মিক উন্নতির জন্য একটি গুরুত্বপূর্ণ সময় হিসেবে বিবেচিত হয়। বৌদ্ধরা এই দিনে ধর্মীয় নীতির প্রতি নতুনভাবে প্রতিশ্রুতি প্রদান করে এবং আত্ম নিরীক্ষার মাধ্যমে আধ্যাত্মিক উন্নতির চেষ্টা করে।[৪৫]

**খ. নৈতিক শিক্ষা:** ধর্মীয় শিক্ষার পুনঃমূল্যায়ন এবং নৈতিক উন্নতির দিকে মনোযোগ দেয়া হয়, যা আধাত্মিক জীবনের উন্নতির জন্য সহায়ক।[৪৬]

### ৬.৩.৪ সাংস্কৃতিক প্রকৃতি

**ক. উদযাপন বৈচিত্র্য:** আষাঢ়ী পূর্ণিমা বিশ্বের বিভিন্ন স্থানে ভিন্নভাবে উদযাপিত হয়। যেমন, দক্ষিণ এশিয়ায় বৌদ্ধ ধর্মাবলম্বীরা এই দিনটিকে ধর্মীয় উৎসবরূপে পালন করে। এদিন, বিভিন্ন মন্দির এবং আশ্রমে বিশেষ অনুষ্ঠান আয়োজন করা হয়, যেখানে ভক্তরা প্রার্থনা করেন এবং বুদ্ধের শিক্ষা শুনতে সমবেত হন। ভিন্ন সংস্কৃতিতে, স্থানীয় ঐতিহ্য ও রীতির সঙ্গে মিলিয়ে বিশেষ খাবার, গান-বাজনা ও নৃত্যের আয়োজনও দেখা যায়।[৪৭]

**খ. ধর্মীয় অনুষ্ঠান:** আষাঢ়ী পূর্ণিমার সময় বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। বুদ্ধমূর্তির সামনে ফুল, ফল ও আলো দিয়ে পূজা করা হয়। অনেক মন্দিরে বিশেষ প্রার্থনা ও ধর্মীয় আলোচনার ব্যবস্থা থাকে, যেখানে বুদ্ধের জীবন ও শিক্ষা নিয়ে আলোচনা হয়। ভক্তরা এই দিনটিকে দানের জন্য বিশেষভাবে উৎসর্গ করেন, যা ধর্মের প্রচার ও মানবকল্যাণে অবদান রাখে।[৪৮]

**গ. ধ্যান সেশন:** আষাঢ়ী পূর্ণিমায় ধ্যান সেশন একটি গুরুত্বপূর্ণ অংশ। বৌদ্ধরা এই দিনটিতে একাগ্রতা ও আত্মপরিচয়ের জন্য ধ্যান করতে সময় নেন। বিভিন্ন মন্দির ও আশ্রমে বিশেষ ধ্যান সেশনের আয়োজন করা হয়, যেখানে ভক্তরা একত্রিত হয়ে ধ্যান করেন এবং বুদ্ধের শিক্ষা ও উপদেশের প্রতি মনোনিবেশ করেন। এই ধ্যান সেশনগুলি মনের শান্তি, সংযম এবং অন্তর্দৃষ্টি লাভের জন্য গুরুত্বপূর্ণ।[৪৯]

### ৬.৩.৫ সামাজিক প্রকৃতি

**ক. সামাজিক ঐক্য:** বৌদ্ধ ধর্মাবলম্বীরা একত্রিত হয়ে ধর্মীয় অনুষ্ঠানে অংশগ্রহণ বৃদ্ধি করে। যা সমাজে ঐক্য ও সহযোগিতা বৃদ্ধি করে।[৫০]

**খ. দান ও পরোপকার:** দান ও পরোপকারের কর্মকান্ড, যেমন খাদ্য বিতরণ এবং স্বাস্থ্যসেবা প্রদান, যা মানবিকতা ও সহানুভূতির মূল্যবোধকে উজ্জীবিত করে।[৫১]

**গ. অধ্যাত্মিক উন্নতি:** ধ্যান ও ধর্মীয় চর্চার মাধ্যমে আধ্যাত্মিক উন্নতির প্রতি গুরুত্ব দেওয়া হয়।[৫২]

### ৬.৪ আষাঢ়ী পূর্ণিমার বৈশিষ্ট্য

আষাঢ়ী পূর্ণিমার বৈশিষ্ট্য বলতে বোঝায় এই দিনে ঘটে যাওয়া বিশেষ ধর্মীয়, আধ্যাত্মিক এবং প্রাকৃতিক ঘটনাগুলো সহ সংশ্লিষ্ট বিষয়াবলী।

#### ৬.৪.১ ইতিহাস ও ঐতিহ্য

আষাঢ়ী পূর্ণিমা বৌদ্ধ ধর্মের একটি গুরুত্বপূর্ণ উৎসব, যা সাধারণত গ্রীষ্মের শেষের দিকে আসে। এই পূর্ণিমা দিনটি বুদ্ধের প্রথম ধর্ম প্রচারের সাথে যুক্ত। ঐতিহাসিক প্রেক্ষাপটে, এটি বুদ্ধের ধর্ম গ্রহণের পর পাঁচ জন ঋষির সঙ্গে তার প্রথম উপদেশ দেওয়ার দিন হিসেবে পরিচিত।

**ক. ধর্মীয় গুরুত্ব:** আষাঢ়ী পূর্ণিমা বৌদ্ধদের কাছে অত্যন্ত তাৎপর্যপূর্ণ। এই দিন বুদ্ধের শিক্ষা প্রচারের সূচনা ঘটে, যা *ধর্ম চক্র প্রবর্তন* নামে পরিচিত। এটি বৌদ্ধধর্মের মূলনীতিগুলো মানুষের কাছে পৌঁছানোর একটি প্রক্রিয়া।[৫৩]

**খ. মৌলিক শিক্ষা:** আষাঢ়ী পূর্ণিমার দিন বুদ্ধের শিক্ষা এবং দানের উপর জোর দেওয়া হয়। বুদ্ধের উপদেশগুলো, যেমন: দুঃখ নিরোধ সম্পর্কে চারটি আর্য সত্যের সন্ধান এবং দুঃখ থেকে পরিত্রাণের জন্য অষ্টাঙ্গিক মার্গের সন্ধান, এই দিনকে কেন্দ্র করে মানুষের মনে নতুন করে উদ্দীপনা আনে। এটি আত্মনির্ভরশীলতা, সহমর্মিতা এবং সমবেদনার আদর্শ প্রতিষ্ঠা করে।[৫৪]

#### ৬.৪.২ অনুষ্ঠান ও পালন

**ক. ধর্মীয় অনুষ্ঠান:** আষাঢ়ী পূর্ণিমা উপলক্ষে বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এই দিনটি বিশেষ করে বৌদ্ধ মন্দিরে সম্মিলিত প্রার্থনা, ধ্যান এবং ধর্মগ্রন্থ পাঠের মাধ্যমে পালন করা হয়। মন্দিরে বিশেষ ধর্মীয় আলোচনা ও বুদ্ধের প্রথম উপদেশ সম্পর্কিত আলোচনা করা হয়। এছাড়া, ধর্মীয় বক্তৃতা ও সেমিনারও আয়োজন করা হয় যাতে বৌদ্ধ ধর্মের মৌলিক শিক্ষা আরও বেশি প্রচারিত হয়।[৫৫]

**খ. প্রাণি সেবা:** আষাঢ়ী পূর্ণিমার সময় প্রাণি সেবার উপরও গুরুত্ব দেওয়া হয়। বৌদ্ধ সম্প্রদায়ের সদস্যরা এই দিনে সাধারণত দান-খয়রাতের পাশাপাশি প্রাণি সেবার কাজ করে থাকেন। পশুদের জন্য খাবার বিতরণ, চিকিৎসা সেবা প্রদান এবং তাদের জন্য নিরাপদ আশ্রয় নিশ্চিত করার উদ্যোগ নেওয়া হয়। এই প্রথাটি বৌদ্ধধর্মের অহিংসার নীতির সাথে সঙ্গতিপূর্ণ।[৫৬]

#### ৬.৪.৩ আধ্যাত্মিক প্রভাব

আষাঢ়ী পূর্ণিমা বৌদ্ধদের আধ্যাত্মিক জীবনে গভীর প্রভাব ফেলে। এটি বৌদ্ধদের জন্য একটি বিশেষ সময় যখন তারা নিজেদের আত্ম-মূল্যায়ন করতে পারেন এবং বুদ্ধের শিক্ষার প্রতি নিজেদের প্রতিশ্রুতি নবায়ন করতে পারেন। ধ্যান ও উপাসনার মাধ্যমে আধ্যাত্মিক উন্নতি অর্জনের সুযোগ প্রদান করে।[৫৭]

#### ৬.৪.৪ সামাজিক প্রভাব

এই দিনটির সামাজিক প্রভাবও গুরুত্বপূর্ণ। আষাঢ়ী পূর্ণিমার সময় সেবামূলক কার্যক্রম এবং দান-খয়রাতের মাধ্যমে সমাজে সহানুভূতি ও সৌহার্দ্য বৃদ্ধি পায়। এটি সমাজে সমবায় ও সহানুভূতির মূল্যবোধকে উৎসাহিত করে এবং সামাজিক সেবা ও উন্নয়নের জন্য মানুষকে উদ্বুদ্ধ করে।[৫৮]

#### ৬.৪.৫ সাংস্কৃতিক প্রভাব

**ক. সাংস্কৃতিক অনুষ্ঠান:** এই দিনে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান, যেমন ধর্মীয় নাটক, গীতগাওয়া এবং বক্তৃতা অনুষ্ঠিত হয়। যা বৌদ্ধ ধর্মের ঐতিহ্য এবং সংস্কৃতিকে প্রজ্জ্বলিত করে।[৫৯]

**খ. স্থানীয় উৎসব:** বিভিন্ন অঞ্চলে আষাঢ়ী পূর্ণিমা পালনের সময় বিভিন্ন স্থানীয় রীতি-নীতি ও অনুষ্ঠান তৈরি হয়, যা ওই এলাকার সাংস্কৃতিক পরিচয়কে ফুটিয়ে তোলে।[৬০]

### ৭. গবেষণার ফলাফল ও সুপারিশ

এ গবেষণা প্রবন্ধটিতে বৌদ্ধধর্মের পরিচয়, বৈশাখী ও আষাঢ়ী পূর্ণিমা উৎসব সম্পর্কে সাম্যক ধারণা প্রদান এবং বৈশাখী ও আষাঢ়ী পূর্ণিমার প্রকৃতি ও বৈশিষ্ট্যগত বিশ্লেষণ করা হয়েছে। বৈশাখী পূর্ণিমা বাংলা বর্ষপঞ্জির প্রথম মাস। এ সময়টা গ্রীষ্মকাল। এ সময় তাপদাহ, রৌদ্র ও শুষ্কতার প্রধান্য থাকে। বৈশাখী বা বুদ্ধপূর্ণিমায় জন্মগ্রহণ করেন সিদ্ধার্থ গৌতম। তাঁর জন্ম, উনত্রিশ বৎসর বয়সে সংসার ত্যাগ ও দীর্ঘ ছয় বছর অবিরাম সাধানায় বুদ্ধত্বলাভ এবং আশি বৎসর বয়সে

জীবনাবশানের মাধ্যমে তিনি লাভ করেন মহাপরিনির্বাণ। তেমনিভাবে আষাঢ়ী পূর্ণিমা আষাঢ় মাসের পূর্ণিমা তিথিতে অনুষ্ঠিত হয়। এ সময় মৌসুমি বৃষ্টির সূচনা হয়। বুদ্ধ আষাঢ়ী পূর্ণিমাতেই প্রথম ধর্ম উপদেশ প্রদান করেন যা *ধর্মচক্র প্রবর্তন* হিসেবে পরিচিতি লাভ করে যেখানে তিনি চারটি আর্যসত্য ও অষ্টাঙ্গিক মার্গের সন্ধান পান। বৌদ্ধধর্মের এসব বিষয়গুলো ফুটে উঠেছে প্রবন্ধটিতে।

বৌদ্ধধর্মের দুটি গুরুত্বপূর্ণ পূর্ণিমা বৈশাখী ও আষাঢ়ী পূর্ণিমার মাধ্যমে বৌদ্ধদের আধ্যাত্মিক সাধনা, ধ্যান ও বিভিন্ন পূজা অর্চনার মাধ্যমে আত্মমুক্তির প্রক্রিয়াকে আরও সুসংহত করে, যা মানুষকে আত্মনিয়ন্ত্রণ ও ধৈর্যের শিক্ষা দেয়।

এই গবেষণার ফলাফলে দেখা যায়, বৈশাখী ও আষাঢ়ী পূর্ণিমা উৎসবের মাধ্যমে বৌদ্ধ ধর্মাবলম্বীদের সহানুভূতি ও সহযোগিতার মনোভাব ফুটে উঠে, যা সমাজের সামাজিক বন্ধন ও ভালোবাসা বৃদ্ধিতে অনুকরণীয়।

প্রবন্ধটির মাধ্যমে বৌদ্ধ ধর্মাবলম্বীসহ সকল পাঠক, শিক্ষার্থী ও গবেষকসহ সকলেই উপকৃত হবেন। এই প্রবন্ধটির মাধ্যমে বৌদ্ধধর্মের গুরুত্বপূর্ণ দুটি পূর্ণিমা বৈশাখী ও আষাঢ়ী পূর্ণিমার প্রকৃতি ও বৈশিষ্ট্যের বিষয় ব্যাপকভাবে জ্ঞান লাভের পথ সুগম হবে। বৌদ্ধ ধর্মাবলম্বীসহ সকলেই পূর্ণিমা দুটির মাধ্যমে সমাজে ধর্মীয় মূল্যবোধ, সাংস্কৃতিক ও আধ্যাত্মিক গুরুত্ব অনুধাবন করতে পারবেন। এমনিভাবে প্রবন্ধটি সকল শিক্ষার্থী, জ্ঞান পিপাসু ও গবেষককে আরও গবেষণা করতে উৎসাহিত করবে।

## ৮. উপসংহার

বৌদ্ধধর্মের বৈশাখী ও আষাঢ়ী পূর্ণিমা, এই দুটি তিথি বৌদ্ধ ধর্মাবলম্বীদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং ঐতিহ্যগতভাবে ধর্মীয় জীবন ও আধ্যাত্মিক চর্চার এক গুরুত্বপূর্ণ অংশ। এই পূর্ণিমা দুটি শুধু একটি দিন বা উপাসনায় সীমাবদ্ধ নয় বরং বৌদ্ধ দর্শনের গভীর তাৎপর্য, জীবনদর্শন এবং মানবতাবাদী মূল্যবোধের প্রতিফলন। বৈশাখী ও আষাঢ়ী পূর্ণিমা বৌদ্ধ ধর্মের প্রধান মুহূর্তগুলোর প্রতিনিধিত্ব করে এবং এই দিনগুলোতে বৌদ্ধ ধর্মের প্রতিষ্ঠাতা, গৌতম বুদ্ধের জীবনের গুরুত্বপূর্ণ ঘটনা উদযাপন করা হয়। বৈশাখী পূর্ণিমা মূলত বুদ্ধের জন্ম, বুদ্ধত্ব লাভ এবং তার পরিনির্বাণ লাভের  সম্মিলিত দিবস হিসেবে পরিচিত। তেমনি আষাঢ়ী পূর্ণিমা বৌদ্ধধর্মে আরেকটি অত্যন্ত গুরুত্বপূর্ণ উৎসবের দিন, যা বুদ্ধের প্রথম উপদেশ প্রদান বা *ধর্মচক্র প্রবর্তন* দিন হিসেবে পালিত হয়। যেখানে তিনি তাঁর প্রথম উপদেশ যা পরবর্তীতে বৌদ্ধ ধর্মের মূল স্তম্ভে পরিণত হয়। আষাঢ়ী পূর্ণিমা বৌদ্ধধর্মের দর্শনের প্রকাশ, যা মানবিকতা, শান্তি, সমবেদনা ও দুঃখ থেকে মুক্তির পথ প্রদর্শনের এক গুরুত্বপূর্ণ স্তম্ভ হিসেবে চিহ্নিত। এই দিনটি বৌদ্ধ ধর্মের অনুসারীদের জন্য এক নতুন জীবন ও আধ্যাত্মিক অনুসরণের প্রেরণা প্রদান করে। এই দুটি পূর্ণিমার বৈশিষ্ট্যগত বিশ্লেষণ করলে দেখা যায় যে, তারা শুধু ধর্মীয় আচার-অনুষ্ঠানের জন্য নয় বরং একটি বৃহত্তর আধ্যাত্মিক দর্শনের প্রতীক হিসেবে গৌতম বুদ্ধের শিক্ষা , অহিংসা এবং জ্ঞানের আলোকে বিশ্বমানবতার জন্য একটি মঙ্গলময় পথনির্দেশ প্রদান করে। বৈশাখী পূর্ণিমা এবং আষাঢ়ী পূর্ণিমা একযোগে বৌদ্ধধর্মের মৌলিক শিক্ষার প্রতি শ্রদ্ধা নিবেদন করে, যা মানবমৈত্রীর, সহানুভূতির  এবং বিশ্বজনীন শান্তির দিকে পরিচালিত করে। সুতরাং এই পূর্ণিমাগুলো শুধু একটি ধর্মীয় আচার্য নয়  বরং এ গুলো বৌদ্ধধর্মের সেই অমর আদর্শের প্রতীক, যা আজও মানবতার শান্তি, কল্যাণ এবং আধ্যাত্মিক উন্নতির জন্য পথপ্রদর্শক। এই দিনগুলোতে বৌদ্ধ ধর্মাবলম্বীরা শুধু বুদ্ধের জীবন ও শিক্ষাই স্মরণ করেন না বরং তারা নিজেদের আত্মার শুদ্ধি, দয়া এবং বিশ্বজনীন কল্যাণের জন্য নিজেদের অঙ্গীকার পুনর্নবীকরণ করে।

---

**টীকা ও তথ্যনির্দেশ**

[১] নাসির ইব্‌ন আবদিল্লাহ আল-কিফারী ও নাসির ইব্‌ন আবদিল কারীম আল-আকল, *আল-মূজায ফীল আদইয়ান ওয়াল মাযাহিবিল মু'আসিরাহ* (রিয়াদ: দারুস সুমাঈ লিল নাশর ওয়াত তাওযী, ১৪১৩ হি./১৯৯২ খ্রি.), পৃ. ১৮-২০; মোঃ আবদুল ওদুদ, *ধর্মদর্শন* (ঢাকা: মনন পাবলিকেশন্স, ২০০৯ খ্রি.), পৃ. ৩১১; মুহাম্মদ ইব্‌ন আবদিল কারীম আল-শাহরাস্তানী, *আল-মিলাল ওয়ান নিহাল* (বৈরূত: দারুল কুতুব আল-ইলমিয়্যাহ্, তা.বি.), পৃ. ২৩০-২৩১; Dr. Balangoda Ananda Maitreya, *Introduching Buddhism* (London: The Buddhist Publication Society, 58 Eceleston Square, 1993), p. 20.

[২] ড. মোহাম্মদ বেলাল হোসেন, *তুলনামূলক ধর্ম* (ঢাকা: বাংলাদেশ ইসলামিক ল'রিসার্চ এন্ড লিগ্যাল এইড সেন্টার, ২০২২ খ্রি.), পৃ. ৩৬৯।

[৩] *তদেব*।

[৪] মোঃ সিরাজুল ইসলাম (সম্পাদিত), *বাংলাপিডিয়া*, ৭ম খণ্ড (ঢাকা: বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, ২০০৩ খ্রি.), পৃ. ২৪৪; Michael Pye, *Comparative Religion* (Great Britain: Britol Typesetting Company limited, 1972) P. 8; Arnold Toynbee, *An Histrian's Approach to Religion* (London: Oxford University Press, 1959), pp. 315-316.

[৫] *Encyclopaedia of Britannica*, "Buddhism", Accessed on 27 July, 2025, *https://www.britannica.com/topic/Buddhism*

[৬] ড. মোহাম্মদ বেলাল হোসেন, *তুলনামূলক ধর্ম*, পৃ. ৩৬৮; আব্দুর রাযযাক আল-আসওয়াদ, *মাদখাল ইলা দিরাসাতিল আদইয়ান*, ২য় খণ্ড (বৈরূত: দারুল মা'আরিফ, ২০০৩ খ্রি.), পৃ. ৭।

[৭] সত্যেন্দ্রনাথ ঠাকুর, *বৌদ্ধধর্ম* (কলকাতা: করুণা প্রকাশনী, বৈশাখ ১৪০৫ বঙ্গাব্দ), পৃ. ২৯-৩০; ড. মো. শাজাহান কবির, *বিশ্বের ধর্ম পরিচিতি* (ঢাকা: দিক দিগন্ত, ২০০৯ খ্রি.) পৃ. ২১৩।

[৮] Kedar Nath Tiwari, *Comparative Religion* (Delhi: Motilal Banarsidass, 1992), p. 43.

[৯] ড. এফ এম এ এইচ তাকী, *ধর্মের ইতিহাস* (রাজশাহী: সেন্টার ফর ইসলামিক রিসার্চ, ২০১৮ খ্রি.), পৃ. ১৭৬।

[১০] *বিশ্বের ধর্ম পরিচিতি*, পৃ: ২১৫; ড. মুস্তফা হিলমী, *ইসলাম ওয়াল আদইয়ান* (কায়রো : দারু ইবন আল-জাওযী, ২০০৫), পৃ. ১১৩; ড. সুকোমল চৌধুরী, *গৌতম বুদ্ধের ধর্ম দর্শন* (কলকাতা: মহাবোধি বুক এজেন্সি, ১৪০৫ খ্রি.), পৃ. ১৭-১৮।

[১১] *Comparative Religion*, p. 44.

[১২] শেখ মোহাম্মদ মেহেদি হাসান, *বাংলাদেশের উৎসব ও সংস্কৃতি* (ঢাকা: বিদ্যানন্দ প্রকাশনী, ২০১৫ খ্রি.), পৃ. ১৫।

[১৩] William Chester Minor, *Oxford Dictionary* (London: Oxford University Press, 2003), p. 120.

[১৪] Clifford Geertz, *The Interpretation of Cultures* (New York: Harvard University, 1973) p. 44.

[১৫] ড. মোহাম্মদ বেলাল হোসেন, *বিশ্বে প্রচলিত ধর্মমত* (রাজশাহী: রেনেসাঁ পাবলিকেশন্স, ২০২০ খ্রি.), পৃ. ২৯৭।

[১৬] Rahula, Walpola. *What the Buddha Taught* (New York: Grove Press, 1974), p. 90.

[১৭] ড. মোহাম্মদ বেলাল হোসেন, *বিশ্বে প্রচলিত ধর্মমত*, পৃ. ২৯৭; *বাংলাপিডিয়া*, ৭ম খণ্ড, পৃ. ১৫১।

[১৮] Obeyesekere, Gananath. *Buddhism and the Idea of the Human Sacred: The Ashari Purnima Ritual.* (Journal of Ritual Studies 7, no. 2 (1993): p. 45-59.

[১৯] Rahula, Walpola. *What the Buddha Taught*, p. 91.

[২০] Nakamura, Hajime. *Indian Buddhism: A Survey with Bibliographical Notes.* (Delhi: Motilal Banarsidass, 1980), p. 89.

[২১] *Ibid*.

[২২] Gethin, Rupert. *The Foundations of Buddhism* (Oxford: Oxford University Press, 1998), p. 120.

[২৩] *Ibid*, p. 121.

[২৪] *Ibid*, p. 122.

[২৫] Barua, Dipak K. *Buddhist Festivals in Asia* (Delhi: Bharatiya Vidya Prakashan, 1981), p. 112.

[২৬] Berkwitz, Stephen C. *South Asian Buddhism: A Survey* (London: Routledge, 2009), p. 72.

[২৭] Harvey, Peter. *An Introduction to Buddhism: Teachings, History and Practices.* (Cambridge: Cambridge University Press, 1990), p. 152.

[২৮] *Ibid*, p. 153.

[২৯] অধ্যক্ষ প্রণব কুমার বড়ুয়া, *বাংলাদেশের বৌদ্ধ সাহিত্য ঐতিহ্য ও সমাজজীবন* (ঢাকা: ধর্মরাজিক বৌদ্ধ মহাবিহার, প্রথম সংস্করণ, ১৪১৩ বঙ্গাব্দ/২০০৬ খ্রি.), পৃ. ৬৩; *Comparative Religion*, pp. 112-115.

[৩০] *Comparative Religion*, p. 116.

[৩১] Thich Nhat Handh, *The Heart of the Buddhist Teaching* (New York: Broadway Books, 1999), p. 27.

[৩২] Bhikkhu Bodhi, *In the Buddha's Words: An Anthology of Discourses from the Pali Canon* (Somerville: Wisdom Publications, 2005), p. 52.

[৩৩] Keown, Damien. *Buddhism: A Very Short Introduction.* (Oxford: Oxford University Press, 1996), pp. 190-192.

[৩৪] *Ibid*.

[৩৫] Bechert, Heinz, and Richard Gombrich, eds. *The World of Buddhism: Buddhist Monks and Nuns in Society and Culture* (London: Thames and Hudson, 1984), p. 125.

[৩৬] Sir Gharles Eliot, *Hidusim and Buddhism*, Vol-1 (London: Kegan Paul LTD, 1921), p. 140.

[৩৭] Conze, Edward. *Buddhism: Its Essence and Development* (Oxford: Oxford University Press, 1951), p. 122.

[৩৮] *বাংলাদেশের বৌদ্ধ সাহিত্য ঐতিহ্য ও সমাজজীবন*, পৃ. ৭০।

[৩৯] তদেব, পৃ. ৭১।

[৪০] Gombrich, Richard. Theravāda *Buddhism: A Social History from Ancient Benares to Modern Colombo* (London: Routledge, 1988), p. 127; Obeyesekere, Gananath. *"Buddhism and the Idea of the Human Sacred: The Ashari Purnima Ritual."*, p. 55.

[৪১] Obeyesekere, Gananath. *Buddhism and the Idea of the Human Sacred: The Ashari Purnima Ritual.*, p. 56.

[৪২] *Ibid*, p. 57.

[৪৩] Williams, Paul. *Mahayana Buddhism: The Doctrinal Foundations* (London: Routledge, 1989), p. 132.

[৪৪] Keown, Damien. *Buddhism: A Very Short Introduction*, p. 151-152.

[৪৫] Bhikkhu Bodhi, *In the Buddha's Words: An Anthology of Discourses from the Pali Canon*, p. 55.

[৪৬] *Ibid*, p. 56.

[৪৭] শামসুজ্জামান খান, *বৌদ্ধ ধর্ম ও সংস্কৃতি*, পৃ. ৫৫; Jahn Strong, *The Cultural Heritage of Buddhism* (London: Oxford University Press, 2006), p. 152.

[৪৮] Jahn Strong, *The Cultural Heritage of Buddhism*, p. 153.

[৪৯] *Ibid*, p. 154.

[৫০] আবদুল্লাহ আবু সায়ীদ, *বাংলাদেশের সামাজিক উৎসব* (ঢাকা: অনন্যা প্রকাশনী, ২০১২ খ্রি.), পৃ. ৫২; John S. Strong, *Buddhist Festivals and Social Practices* (Somerville: Wisdom Publications, 2014), p. 34

[৫১] আবদুল্লাহ আবু সায়ীদ, *বাংলাদেশের সামাজিক উৎসব*, পৃ. ৫৩।

[৫২] তদেব, পৃ. ৫৪।

[৫৩] Carrithers, Michael. *Buddhist Rituals of Purification and Transformation: The Ashari Purnima Ceremony.* Man 16, no. 2 (1981): 220-235.

[৫৪] *Ibid*.

[৫৫] Obeyesekere, Gananath. *Buddhism and the Idea of the Human Sacred: The Ashari Purnima Ritual,* p. 45-59.

[৫৬] Williams, Paul. *Mahayana Buddhism: The Doctrinal Foundations,* p. 210.

[৫৭] Richard Gombrich, *Buddhism and Social Change* (London: Oxford University Press, 2006, p. 55-60.

[৫৮] *Ibid*, p. 61.

[৫৯] শামসুজ্জামান খান, *বৌদ্ধ ধর্ম ও সংস্কৃতি*, পৃ. ৫৭; Jahn Strong, *The Cultural Heritage of Buddhism*, p. 155.

[৬০] Tannenbaum, Nicola. *Celebrating Vesak: Buddhist Festivals in Northern Thailand,* p. 61. Obeyesekere, Gananath. *Buddhism and the Idea of the Human Sacred: The Ashari Purnima Ritual.* pp. 45-59.